# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 JANUARY 2025 7:45—7:55**

---

১) ভোটার তালিকার খসড়ায় সন্দেহভাজন লোকের নাম দেখা মাত্রই কর্তন করার জন্য আবেদন জানাতে রাজনৈতিক দল গুলির প্রতি মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আহ্বান ।

২) উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামোর উন্নয়নের জন্য ৬ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে বলে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং-এর মন্তব্য ।

৩) প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা প্রবীন বি জে পি নেতা কবিন্দ্র পুরকায়স্থের আজ রাজ্য মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন ।

এবং

৪) রাজ্য সরকারের নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আগামীকাল থেকে মোট ১১ হাজার ১৩ জন প্রার্থীকে নিযুক্তি পত্র বিতরণ প্রক্রিয়া আরম্ভ ।

---

ভোটার তালিকার খসড়ায় সন্দেহযুক্ত কোন ব্যাক্তির নাম দেখা মাত্রই সেই নাম কর্তন করার জন্য যেকোন ভারতীয় নাগরিক আবেদন জানাতে পারেন এবং এটি একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । ভোটার তালিকার খসড়া নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের উত্থাপন করা অভিযোগ সম্পর্কে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন যে সবগুলি রাজনৈতিক দলের সন্দেহভাজন লোক দেখা মত্রই নাম কর্তন করার জন্য উপযুক্ত পদ্ধতি গ্রহণ করে আবেদন জানানোর দায়বদ্ধতা রয়েছে ।

সি এম বাইট

অবৈধ নাগরিকের নাম ভোটার তালিকা থেকে কর্তন করার জন্য বি জে পি নেতৃত্বাধীন সরকার প্রথম থেকেই কঠোর স্থিতি গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । সন্দেহভাজন নাগরিকের বিরুদ্ধে প্রত্যেক ভারতীয় নাগরিক ৬ , ৭ এবং ৮ নম্বরের নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অভিযোগ দাখিল করতে পারবেন বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । উল্লেখ্য যে রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে উচ্ছেদ হওয়া লোকেদের নাম ওই অঞ্চলের ভোটার তালিকায় নথিভুক্ত থাকবে বলেও মুখ্যমন্ত্রী স্পষ্ট করে দিয়েছেন । দখল করা জমি দখলমুক্ত করতে রাজ্য সরকার জোরদার ভাবে উচ্ছেদ অভিযান অব্যাহত রাখবে বলেও উল্লেখ করে ডক্টর শর্মা বলেন যে উচ্ছেদ হওয়া লোকেরা যদি কোন একটি স্থানে গিয়ে নতুনভাবে বসতি শুরু করেন অথবা ভারতীয় হিসেবে থাকেন তখনও তাদের নাম ভোটার তালিকায় অর্ন্তভুক্ত থাকবে ।

---------------------------------------------------------------------------------------

বর্তমান এনডিএ সরকার উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে অগ্রাধিকার দিয়েছে বলে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং মন্তব্য করেছেন । গৌহাটিতে আজ থেকে দুদিনব্যাপী জাতীয় বস্ত্র সম্মিলনের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে তিনি বলেন যে প্রয়াত প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপায়ী ডোনার মন্ত্রনালয়ের পরিকল্পনা করেছিলেন এবং বর্তমান সরকার তৃণমূল পর্যায়ে উন্নয়নের স্বপ্ন বাস্তবায়িত করার জন্য সার্বিক পদক্ষেপ গ্রহণ করেছে । সম্প্রতি উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়নের জন্য প্রায় ৬ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে বর্তমানে উত্তর-পূর্বাঞ্চলের মোট ঘরোয়া উৎপাদনের বিকাশের হার ১০ দশমিক ১২ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । শ্রী সিং ৭৫ লক্ষ বিঘা জমি অবৈধ দখলদারীদের থেকে মুক্ত করার জন্য আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রশংসা করেন । দেশের বস্ত্র শিল্পের বিকাশ অব্যাহত রয়েছে বলে মন্তব্য করে মন্ত্রী বলেন যে -----

বাইট

---------------------------------------------------------------------------------------

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির প্রবীন নেতা কবীন্দ্র পুরকায়স্থের শেষকৃত্য আজ রাজ্য মর্যাদায় শিলচর শ্মশানঘাটে সম্পন্ন হয়েছে । অসম প্রদেশ বিজেপির পিতামহস্বরূপ কবীন্দ্র পুরকায়স্থকে শেষ শ্রদ্ধা জানাতে অগণিত লোক উপস্থিত ছিলেন

। আজ সকালে শিলচর মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তাঁর নশ্বর দেহ বাসগৃহে নিয়ে যাওয়া হয় । সেখান থেকে কাছাড় জেলা বিজেপি কার্যালয় এবং এরপর জেলা ক্রীড়া সংস্থার মাঠে নিয়ে যাওয়া হলে শুভানুধ্যায়ী ,দল সংগঠনের নেতা কর্মীরা শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন । রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ,মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ,সাংসদ পরিমল শুক্লবৈদ্য ,বিধায়ক দীপায়ন চক্রবর্তী ,হোজাইয়ের বিধায়ক শিলাদিত্য দেব , তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব , শিলচর জেলা কংগ্রেস ও এ আই ইউ ডিএফের নেতা কর্মী সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী ও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক ক্রীড়া সংগঠনের সদস্যরা জেলা ক্রীড়া সংস্থার মাঠে শেষ শ্রদ্ধা জানান । এরপর তাঁর নশ্বর দেহ আর এস এস কার্যালয়ে নিয়ে যাওয়া হয় এবং সেখান থেকে শিলচর শ্মশানঘাটে গান স্যালুটের মাধ্যমে সম্পূর্ণ রাজ্য মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন করা হয় ।
এদিকে আজ কবীন্দ্র পুরকায়স্থের প্রয়াণে কাছাড় জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয় । আসাম রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া কবীন্দ্র পুরকায়স্থ উত্তর-পূর্ব ভারতে বিজেপির সাংগঠনিক ভিত শক্তিশালী করার ক্ষেত্রে অভিভাবকস্বরূপ ব্যাক্তি ছিলেন বলে উল্লেখ করেন ।

বাইট----দিলীপ শইকিয়া

উল্লেখ্য কবীন্দ্র পুরকায়স্থ গতকাল শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সন্ধ্যা ৫ টা ৬ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । ১৯৯১ সালে তিনি প্রথমবারের মতো শিলচর লোকসভার সাংসদ হিসেবে নির্বাচিত হন । ১৯৯৮ সালে অটল বিহারী বাজপেয়ী মন্ত্রীসভায় যোগাযোগ বিভাগের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করেন । যুবা অবস্থায় সেই সময়ের জাতীয় স্বয়ংসেবক সংঘে যোগদান করা কবীন্দ্র পুরকায়স্থ বরাক উপত্যকা নয় সমগ্র রাজ্যে ভারতীয় জনতা পার্টির স্থিতি শক্তিশালী করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করেছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আগামীকাল থেকে মোট ১১ হাজার ১৩ জন প্রার্থীকে নিযুক্তি দেওয়া হবে । এই অনুসারে আগামীকাল এ ডি আর পরীক্ষায় উত্তীর্ণ ৪ হাজার ৩শো ৭৪ জন চতুর্থ শ্রেণীর প্রার্থীদের মধ্যে গৌহাটি খানাপাড়ার নবনির্মীত জ্যোতি-বিষ্ণু আর্ন্তাজাতিক কলা মন্দিরে নিযুক্তি পত্র বিতরণ করা

হবে । তথ্য ও জনসংযোগ সঞ্চালকালয় সূত্রে জানানো হয়েছে যে আগামী শনিবার সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে এ ডি আর-এ উত্তীর্ণ হওয়া ৬ হাজার ৩শো ৪৭ জন তৃতীয় শ্রেণীর প্রার্থীকেও নিযুক্তিপত্র প্রদান করা হবে । একইভাবে আগামী ১২ জানুয়ারী গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডি আর-এ উত্তীর্ণ হওয়া ২শো ৯২ জন চা-জনগোষ্ঠী প্রার্থীদের মধ্যেও নিযুক্তিপত্র বিতরণ করা হবে । এই নিযুক্তি সম্পন্ন হলে নতুন করে নিযুক্তি লাভ করা প্রার্থীর সংখ্যা ১ লক্ষ ৪৫ হাজার ৬শো ৬৪ থেকে ১ লক্ষ ৫৬ হাজার ৬শো ৭৭ এ বৃদ্ধি পাবে ।

---

বিধি বলবৎকারী সঞ্চালকালয় একটি অপরাধী চক্রের বিরুদ্ধে ভূয়া সরকারী চাকরি কেলেঙ্কারী সম্পর্কে সমগ্র দেশে অভিযান অব্যাহত রেখেছে । সঞ্চালকায় সূত্রে জানানো হয়েছে যে প্রাথমিক অবস্থায় এই কেলেঙ্কারী ভারতীয় রেলের নামে সংঘটিত করা হয়েছিল বলে ধারণা করা হয়েছিল । তদন্তের পর বন , রেলওয়ে নিযুক্তি বোর্ড , ইন্ডিয়া পোষ্ট , আয় কর , উচ্চ ন্যায়ালয়ের লোক নির্মান সহ বিভিন্ন রাজ্যের প্রায় ৪০টি সরকারী বিভাগে এই কেলাঙ্কারী সংঘটিত হয়েছে বলে তথ্য পাওয়া গেছে । বিধি বলবৎকারী সঞ্চালকালয় সম্প্রতি ৬টি রাজ্যের ১৩টি শহরের ১৫টি স্থানে অভিযান চালিয়েছে । সঞ্চালকালয় আরো জানিয়েছে যে অপরাধী চক্রটি ভূয়া ই-মেল একাউন্ট ব্যবহার করেছিল এবং জনসাধারণের বিশ্বাস অর্জন করার জন্য প্রথম অবস্থায় কিছু সংখ্যক প্রার্থীদের বেতনও দিয়েছিল ।

---

সেনা জওয়ানদের ব্যাঙ্কের সেবা ও ব্যাক্তিগত দূর্ঘটনা বীমার সুবিধা প্রদানের উদ্দেশ্যে সেনা ও এইচ ডি এফ সি ব্যাঙ্ক তাঁদের চুক্তি তিন বছর পর্যন্ত অর্থাৎ২০২৯ সাল পর্যন্ত বৃদ্ধি করেছে । এই অনুদান সেনা বহিনীতে কর্মরত জওয়ান অথবা অবসরপ্রাপ্ত কর্মচারীর দূর্ঘটনাজনিত মৃত্যু বা বিশেষভাবে সক্ষম হলে প্রদান করা হবে । এই চুক্তি অগ্নিবীর ও পেনশনারদের সহ কর্মরত সব জওয়ানকে ১ কোটি টাকার ব্যাক্তিগত দূর্ঘটনা বীমা ও ১ কোটি টাকার বিমান দূর্ঘটনার বীমার সুবিধা প্রদান করবে ।

---

শ্রীভূমি জেলায় প্রাপ্ত বয়স্কদের জন্য জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধে টীকাকরন অভিযান আজ থেকে শুরু হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আজ এই অভিযানের সূচনা করেন । অভিযানের সূচনা করে জেলা আয়ুক্ত শ্রীদ্বিবেদী জানান যে অভিযানে ১৫ থেকে ৬৫ বছর বয়সী সব যোগ্য প্রাপ্ত বয়স্কদের অর্ন্তভুক্ত করা হয়েছে ।

জেলা আয়ুক্ত জেলাবাসীকে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্র বা নির্ধারিত টীকাকরন কেন্দ্রে গিয়ে টীকা গ্রহন করার আহ্বান জানিয়েছেন ।

উল্লেখ্য টিকাটি সম্পূর্ন বিনামূল্যে , নিরাপদ ও কার্যকর এবং একটি মাত্র ডোজেই দীর্ঘ মেয়াদী সুরক্ষা প্রদান করে । টীকাকরন অভিযানের আজ প্রথম দিন প্রায় ১৫০জনকে জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধী টীকা প্রদান করা হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা শিশু সুরক্ষা বিভাগের উদ্যোগে দক্ষিন হাইলাকান্দির জামিরায় আজ শিশু সুরক্ষার উপর একটি সচেতনতা সভার আয়োজন করা হয় । রাজ্য সরকারের সম্প্রতি চালু করা সুরক্ষিত শৈশব সোনালী অসম প্রকল্পের অধীনে শিশু সুরক্ষার বিভিন্ন কার্যসূচী নিয়ে আলোচনা করা হয় । সভায় খন্ড উন্নয়ন আধিকারীক আদিত্য মূখার্জি জানান যে বাল্য বিবাহে কন্যা শিশুদের উপর শারিরীক, মানসিক ও আবেগিক অবস্থার বিরূপ প্রভাব পড়ার ফলে শিশুরা মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয় । সভায় আরো জানানো হয় যে ১৪ বছরের কম বয়সী শিশুদের কোন ঝুকিপূর্ন কাজ বা ঘরোয়া কাজে নিয়োগ করা আইনত দন্ডনীয় । এই আইন ভঙ্গ করলে ছয় মাস থেকে দু বছর পর্য্যন্ত কারাবাস এবং শিশু শ্রমিক নিয়োগের অপরাধে ২০ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্য্যন্ত জরিমানার সংস্থান রয়েছে । সভায় জেলা শিশু সুরক্ষা আধিকারীক সৈয়দ জালাল উদ্দিন স্বাগত বক্তব্য রাখেন ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আরসেটি কাছাড়ের উদ্যোগে ছয় দিনের উদ্যোমী মনোভাব প্রসার প্রশক্ষিন কর্মশালা গতকাল শিলচর কার্যলয়ে শেষ হয়েছে । কর্মশালায় মোট ৩৫ জন বেকার যুবক-যুবতী অংশগ্রহন করেন । প্রশিক্ষক হিসেবে অরুনজ্যোতি দে ও শাহেদ চৌধুরী উপস্থিত ছিলেন ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর অনন্তের বাবস্থাপনায় আগামী ১২ই জানুয়ারী অর্থাৎ সোমবার চেংকুড়ি গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত ৬৯০ নম্বর বোয়ালজুড়মুখ এল পি স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---